



Department of
Education

Chancellor Richard A. Carranza

প্রিয় পরিবারবর্গ:

নিউ ইয়র্ক সিটিতে প্রতিটি শিক্ষার্থীর কাছে আমাদের রয়েছে উচ্চ প্রত্যাশা—এটিই হলো উৎকর্ষ। এবং আমরা প্রত্যেক শিক্ষার্থীকে তাদের কাঙ্ক্ষিত প্রত্যাশা পূরণে সহায়তা দেওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ—এটাই হলো সমতা।

একটি উল্লেখযোগ্য পন্থায় শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের অগ্রগতি সম্পর্কে অর্থপূর্ণ ও হালনাগাদকৃত তথ্য নিয়ে কাজ করে কঠোর ও কার্যকর শিক্ষানির্দেশনা প্রদান করেন।

এ কারণেই অধিকাংশ স্কুল ইতোমধ্যে বছরের মাঝামাঝি সময় একটি "পালস্ চেক" করে, এবং আমরা সেই অনুশীলনীটি এ বছর সকল স্কুলে সম্প্রসারিত করছি।

এটি শিক্ষক ও প্রশাসকদেরকে প্রতিটি শিক্ষার্থীর অগ্রগতির স্তর থেকে শুরু করতে প্রয়োজনীয় তথ্য প্রদান করে এবং সুপারিনটেনডেন্ট ও বরো/সিটিওয়াইড অফিসকে আলাদাভাবে স্কুলগুলোর সহায়তা ও ত্রুটিসংশোধন সমন্বয়ের ধারণা প্রদান করে। এ কারণেই আমাদের স্কুল গ্রেড 6-এ একটি নতুন কম্পিউটার-ভিত্তিক মূল্যায়ন ব্যবহার করে বছরে কয়েকবার শিক্ষার্থীর অগ্রগতি মূল্যায়ন করছে। একটি কম্পিউটার-ভিত্তিক সংক্ষিপ্ত মূল্যায়ন থেকে শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের জ্ঞান সম্পর্কে মূল্যবান তথ্য লাভ করেন, এর ফলে তারা তাদের শিক্ষার্থীদের অবস্থানের সাথে তাদের শিক্ষানির্দেশনা খাপ খাওয়াতে পারেন।

কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে এটা শিক্ষার অপূর্ণতা দূর করতে শিক্ষকদেরকে সক্ষম করে, এবং গ্রেড স্তরের কাছাকাছি বা স্তর অতিক্রমকারী শিক্ষার্থীদেরকে অধিক সমৃদ্ধির সুযোগ দানে সক্ষমতা দেয়।

এটি একটি প্রমাণিত প্রক্রিয়া এবং বহুসংখ্যক প্রক্রিয়ার একটি যা আপনার সন্তানের শিক্ষক আমাদের সকল শিক্ষার্থীর জন্য একটি সমতাভিত্তিক ও উৎকর্ষ প্রদানকারী আনন্দময়, কঠোর, শিক্ষণ পরিবেশ তৈরিতে ব্যবহার করেন।

কোনও প্রশ্ন থাকলে দয়া করে আমার সাথে বা আপনার সন্তানের শিক্ষকের সঙ্গে যোগাযোগ করুন।

বিনীত,

প্রিন্সিপ্যাল